



পরিদর্শন ও আইসিইউ নির্দেশিকা

অক্টোবর ২০২২

হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়

হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা

সূচিপত্র

০১. ভূমিকা.....	2
০২. পরিদর্শন নীতিমালা.....	3
০৩. পরিদর্শন পরিকল্পনা (কর্মসূচি) প্রণয়ন প্রক্রিয়া.....	4
০৪. পরিদর্শন পরিকল্পনা বাস্তবায়ন	5
০৫. প্রতিবেদন প্রণয়ন.....	7
০৬. ফলোআপ	7
০৭. আইসিইউ মনিটরিং	8
০৮. IRPA- সংক্রান্ত কার্যক্রম.....	10
পরিশিষ্টসমূহ	12

০১. ভূমিকা

হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয় এর অধীন চিফ অ্যাকাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সিএএফও), ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (ডিসিএ), ডিসট্রিক্ট অ্যাকাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (ডিএএফও) এবং উপজেলা অ্যাকাউন্টস অফিসার (ইউএও) এর কার্যালয়সমূহে নিয়মিত পরিদর্শন, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ইউনিট (আইসিইউ) এর কার্যক্রম ফলপ্রসূকরণ, অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত IRPA প্রতিবেদন এর উপর ব্যবস্থা গ্রহণ এবং সংশ্লিষ্ট কার্যক্রমকে আরো গতিশীল করার লক্ষ্যে এই নির্দেশিকাটি নতুন আঙ্গিকে প্রণয়ন করা হয়েছে। ইতোপূর্বে ২০০২ সালে হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় হতে প্রথম পরিদর্শন নির্দেশিকা প্রকাশিত হয়। বাংলাদেশে বিগত কয়েক বছরে সরকারি আর্থিক ব্যবস্থাপনায় অভূতপূর্ব পরিবর্তন তথা উন্নয়ন সাধিত হয়েছে। সরকারের Public Financial Management Reform Strategy 2016- 2021 এর কৌশলপত্রের আওতায় এবং Public Financial Management Action Plan 2018-2023 এর অধীন উন্নত আর্থিক ব্যবস্থাপনার মাধ্যমে সরকারি সেবার মান বৃদ্ধির ব্যাপক কার্যক্রম পরিচালিত হচ্ছে।

২০১৮-১৯ অর্থ বছর হতে Integrated Financial Management Information System (IFMIS) বাস্তবায়নের অংশ হিসেবে একইসাথে Integrated Budget and Accounting System (iBAS++) এবং New Budget and Accounting Classification System (BACS) চালু করা হয়েছে। এর পাশাপাশি সরকারের প্রাপ্তির জন্য Automated Chalan System ও VAT online এর ব্যবহার এবং পরিশোধের জন্য Electronic Fund Transfer (EFT) ও Magnetic Ink Character Recognition (MICR) চেকের ব্যবহার প্রচলিত সরকারি প্রাপ্তি ও পরিশোধের ব্যবস্থাপনায় যুগান্তকারি পরিবর্তন এনে দিয়েছে। স্বয়ংক্রিয় পদ্ধতিতে সেবা সহজিকরণের ফলে জনগণ তথা সেবা প্রত্যাশীর সময় ও শ্রম লাঘব হয়েছে। তবে, একইসাথে সরকারি প্রাপ্তি, পরিশোধ ও হিসাবায়ন প্রক্রিয়ায় ঝুঁকির সৃষ্টি হয়েছে।

বর্তমানে হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের আওতাধীন ৫০ টি সিএএফও, ৮ টি ডিসিএ, ৫৬ টি ডিএএফও এবং ৪৮৪ টি ইউএও কার্যালয় হতে iBAS++ System এর মাধ্যমে সরকারি বাজেটভুক্ত নানা দাবি পরিশোধ ও হিসাব সংরক্ষণ করা হয়। তাছাড়া, বিভাগীয় হিসাবরক্ষণ অফিসসমূহ (SAEs)- iBAS++ System এর আওতায় আর্থিক কার্যক্রম পরিচালনা করছে। ফলে, এই নতুন আর্থিক ব্যবস্থাপনাকে পর্যাপ্ত ও যথাযথ তদারকি (supervision) ও পরিবীক্ষণ (monitoring) এর আওতায় এনে সরকারি অর্থের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা ও ঝুঁকির মাত্রা হ্রাস করা অত্যাবশ্যিক। প্রতিটি হিসাবরক্ষণ কার্যালয় কর্তৃক আর্থিক লেনদেন যথাযথ নিয়ম ও পদ্ধতিতে প্রাপ্তি/পরিশোধ ও হিসাবভুক্ত করা হলে অর্থ বছর শেষে যে উপযোজন ও আর্থিক হিসাব প্রণয়ন করা হয় তার সঠিকতা (accuracy) ও সম্পূর্ণতা (completeness) বহুগুণে বৃদ্ধি পাবে। এছাড়া সরকারের আর্থিক সম্পদ ও দায়ের স্থিতিসমূহ, সুদ/মুনাফার হিসাব সুষ্ঠুভাবে সংকলন করা সম্ভব হবে; যা প্রকারান্তরে সরকারের দীর্ঘ ও মধ্যমেয়াদি উন্নয়ন পরিকল্পনা, বাজেট প্রণয়ন, ঋণ ব্যবস্থাপনা ও ক্যাশ ব্যবস্থাপনার সহায়ক হবে।

নতুন আইসিইউ ও পরিদর্শন নির্দেশিকায় হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের নিজস্ব নিয়ন্ত্রণ ব্যবস্থাকে শক্তিশালী ও আধুনিক করার প্রয়াস নেয়া হয়েছে। এই নির্দেশিকায় পরিদর্শন নীতিমালা, পরিদর্শন প্রক্রিয়া ও ধাপসমূহ, আইসিইউ কার্যক্রম আধুনিকায়ন, অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত পরিশোধ ও হিসাব পরিদর্শন রিপোর্ট (আইআরপিএ) ব্যবস্থাপনা এবং সরকারি প্রাপ্তি বা পরিশোধ ও হিসাব সংরক্ষণ

যাচাইয়ের চেকলিস্ট, প্রতিবেদন প্রণয়ন পদ্ধতি ও ফলোআপ প্রক্রিয়া ধারাবাহিকভাবে উপস্থাপন করা হয়েছে। তবে, আইসিইউ ও পরিদর্শন কার্যক্রমকে ফলপ্রসূ করতে হলে এই সকল কাজে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পেশাগত দক্ষতা, সততা, বিচারবোধ ও বিচক্ষণতার কোন বিকল্প নেই। এক্ষেত্রে এই নির্দেশিকা অর্পিত দায়িত্বপালনে সহায়ক ভূমিকা পালন করবে। বর্তমানে সরকারি আর্থিক ব্যবস্থাপনা যে গতিতে উত্তরোত্তর আধুনিকায়নের পথে অগ্রসর হচ্ছে তাতে করে এই নির্দেশিকা সময়ে সময়ে হালনাগাদ করা প্রয়োজন হবে।

০২. পরিদর্শন নীতিমালা

হিসাব মহানিয়ন্ত্রক (সিজিএ) কার্যালয়ের অধীনে পরিদর্শন/যাচাই কার্যক্রম মূলত আইসিইউ শাখা হতে পরিচালনা করা হবে। সকল পরিদর্শন/যাচাই কার্যক্রম সিজিএ বা তার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার অনুমোদনে সম্পাদিত হবে এবং এই কাজে সিজিএর আওতাধীন যে কোন কর্মকর্তাকে নিয়োজিত করা যাবে। পরিদর্শন কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালা অনুসরণ করতে হবে:

- (১) পরিদর্শনের সকল ক্ষেত্রে পেশাগত বস্তুনিষ্ঠতা ও নিরপেক্ষতা (Professional objectivity and neutrality) নিশ্চিত করতে হবে। কোন ক্ষেত্রে স্বার্থের দ্বন্দ্ব (conflict of interest) পরিলক্ষিত হলে পরিদর্শনকারী দলের দলনেতা বা সদস্য পরিবর্তন করা যাবে।
- (২) পরিদর্শনের পূর্বে পরিদর্শনের লক্ষ্য, উদ্দেশ্য, কর্মপরিধি এবং সংশ্লিষ্ট বিষয়ে যথাযথ জ্ঞান ও অভিজ্ঞতাকে বিবেচনায় নিতে হবে। প্রয়োজনে পরিদর্শন টিমের জন্য বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা করা যেতে পারে।
- (৩) পরিদর্শন কার্যক্রমের লক্ষ্য হবে সরকারি প্রাপ্তি, পরিশোধ ও হিসাব সংরক্ষণের ক্ষেত্রে হিসাবরক্ষণ অফিসসমূহের সম্ভাব্য সকল ত্রুটি-বিচ্যুতি চিহ্নিতকরণ, বাজেট ও হিসাবরক্ষণের সঠিক শ্রেণিবিন্যাস, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা যাচাইসহ সময়ে সময়ে সিজিএ কার্যালয়, অর্থ বিভাগ ও সিএজি কার্যালয়ের নির্দেশনা বাস্তবায়নের অবস্থা ও অগ্রগতি যাচাইকরণ। একজন পরিদর্শনকারী কর্মকর্তা পরিদর্শন প্রতিবেদনে শুধুমাত্র ত্রুটি-বিচ্যুতি চিহ্নিতকরণ বা মন্তব্য করবেন না, তা দূরীকরণের ক্ষেত্রে তিনি কী সুপারিশ করেছেন প্রতিবেদনে তাও উল্লেখ করবেন।
- (৪) পরিদর্শনের প্রতিটি ইস্যুতে ‘Trust but verify’ – নীতি অনুসরণ করতে হবে।
- (৫) সাধারণত পরিদর্শনের আওতাধীন অফিসের অফিস প্রধানের ন্যূনতম সমমান বা তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তার নেতৃত্বে টিম গঠন করতে হবে। তবে, বিশেষ ক্ষেত্রে এর ব্যতিক্রম হতে পারে।
- (৬) পরিদর্শনের জন্য সিজিএ কার্যালয় হতে অভিজ্ঞ ও দক্ষ কর্মকর্তাদের সমন্বয়ে ‘পরিদর্শন পুল’ গঠন করা যেতে পারে।
- (৭) পরিদর্শনের জন্য অফিস নির্বাচনের ক্ষেত্রে যে সকল অফিস পূর্বে পরিদর্শন করা হয়নি এবং পূর্ববর্তী পরিদর্শনে যে সকল পে পয়েন্টে উল্লেখযোগ্য অনিয়ম পরিলক্ষিত হয়েছে সেগুলোকে প্রাধান্য দিতে হবে। আইসিইউ শাখা বছরভিত্তিক কোন কোন অফিস কখন পরিদর্শন করা হয়েছে তার সকল তথ্য সংরক্ষণ করবে। তবে, যুক্তিসঙ্গত কারণ, গোপন প্রতিবেদন বা তথ্যের ভিত্তিতে যে কোন অফিস পরিদর্শনের জন্য নির্বাচন করা যাবে।
- (৮) প্রত্যেক সিএএফও, ডিসিএ এবং ডিএএফও অফিসসমূহ প্রতিবছর পরিদর্শন নিশ্চিত করতে হবে।

(৯) পরিদর্শনের পূর্বে আইবাস++ হতে প্রয়োজনীয় তথ্য, management report, transactions data, Audit trail, exception report, token status report, security ইত্যাদি সংগ্রহ ও বিশ্লেষণ করতে হবে। পাশাপাশি প্রশাসনিক ও আর্থিক বিষয়াবলীর জন্য নির্দেশিকার পরিশিষ্টে প্রদত্ত চেকলিস্ট অনুসরণ করতে হবে।

(১০) পরিদর্শনকালে কোন পর্যবেক্ষণ যাচাইয়ের স্বার্থে পরিদর্শনকারী দল হিসাবরক্ষণ কার্যালয় ছাড়াও ডেপুটি কমিশনার/উপজেলা নির্বাহী অফিসার/ প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/ ডিডিও/ব্যাংক ম্যানেজার বা সংশ্লিষ্ট কোন ব্যক্তির সাথে সাক্ষাৎ বা তথ্য সংগ্রহ করতে পারবেন।

(১১) পরিদর্শন শেষে নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন দাখিল করতে হবে। পরিদর্শন প্রতিবেদন নির্ধারিত ছকে, সংক্ষিপ্ত ও প্রমাণকযুক্ত কিন্তু সহজ ও বোধগম্য হতে হবে। কঠিন ও বিভ্রান্তিকর ভাষা বা শব্দচয়ন পরিহার করতে হবে। কোনো অনিয়ম, তহরুপ বা জালিয়াতি চিহ্নিত হলে সুস্পষ্টভাবে দায় দায়িত্ব নির্ধারণ করতে হবে। কারও বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের যৌক্তিকতা থাকলে তা সুপারিশে উল্লেখ করতে হবে।

(১২) পরিদর্শন/যাচাই এর ক্ষেত্রে কোন বিশেষ নির্দেশনা থাকলে তা পরিদর্শন আদেশে উল্লেখ করতে হবে।


(১৩) পরিদর্শন/যাচাই এর পরবর্তীতে যথাযথ ফলোআপ নিশ্চিত করতে হবে।

(১৪) এই পরিদর্শন নীতিমালা ও নির্দেশিকা ডিসিএ কার্যালয় কর্তৃক অভ্যন্তরীণ পরিদর্শনের জন্যও প্রযোজ্য হবে।

(১৫) আইসিইউ শাখার একটি আর্কাইভ, লাইব্রেরি বা রেফারেন্স রুম থাকবে। পরিদর্শন কাজের সহায়ক বই, পত্রিকা-সাময়িকী, বিভিন্ন প্রকাশনাসহ প্রয়োজনীয় ডকুমেন্টস সংরক্ষণ ও ব্যবহার করা হবে। এছাড়া, সিএজি কার্যালয়, অর্থ বিভাগ, সিজিএর প্রশাসন ও হিসাব শাখার গুরুত্বপূর্ণ আদেশ বা সার্কুলারসমূহ বছরভিত্তিক সংরক্ষণ করতে হবে।

৩.৩. পরিদর্শন পরিকল্পনা (কর্মসূচি) প্রণয়ন প্রক্রিয়া

৩.১) হিসাব মহা নিয়ন্ত্রক কার্যালয়ের যাবতীয় পরিদর্শন কার্যক্রম নিম্নোক্ত পরিদর্শন চক্র অনুসারে বাস্তবায়ন করা হবে:



৩.২) বার্ষিক পরিকল্পনা প্রণয়ন:

- সিজিএ কার্যালয়ের আই সি ইউ শাখা হতে প্রতি বছর জুন মাসের মধ্যে পরবর্তী অর্থ বছরের জন্য বার্ষিক পরিদর্শন ক্যালেন্ডার নির্ধারিত ছকে (পরিশিষ্ট-১) প্রণয়ন করে হিসাব মহানিয়ন্ত্রকের অনুমোদন নিতে হবে।

- বার্ষিক ক্যালেন্ডার প্রণয়নের ক্ষেত্রে পরিদর্শন নীতিমালা ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) – তে বর্ণিত এ সংক্রান্ত লক্ষ্যমাত্রা অনুসরণ করতে হবে।
- বার্ষিক ক্যালেন্ডারে শুধুমাত্র পরিদর্শনের জন্য নির্ধারিত অফিস সংখ্যার উল্লেখ থাকবে। উক্ত বার্ষিক ক্যালেন্ডার এর ভিত্তিতে পরবর্তীতে ত্রৈমাসিক পরিদর্শন পরিকল্পনা প্রনয়ন করতে হবে।

৩.৩) ত্রৈমাসিক পরিকল্পনা প্রণয়ন:

- বার্ষিক পরিদর্শন ক্যালেন্ডারের ভিত্তিতে বিস্তারিত ত্রৈমাসিক পরিকল্পনা প্রতি ত্রৈমাসিক শুরুর পূর্ববর্তী মাসে (জুন, সেপ্টেম্বর, ডিসেম্বর ও মার্চ) নির্ধারিত ছকে (পরিশিষ্ট -২) প্রণয়ন করতে হবে।
- উক্ত পরিকল্পনায় পরিদর্শনের জন্য নির্বাচিত অফিস, সময়কাল, পরিদর্শন দল ও পরিদর্শনের বিষয়বস্তু ইত্যাদি উল্লেখ থাকবে।
- উল্লেখ্য যে, পরিদর্শন পরিকল্পনার বাইরে বিশেষ পরিস্থিতিতে সিজিএ এর নির্দেশনা অনুসারে আলাদাভাবে এক বা একাধিক অফিস পরিদর্শন আদেশ জারি করা যেতে পারে।

০৪. পরিদর্শন পরিকল্পনা বাস্তবায়ন

৪.১) দল গঠন : প্রতিটি পরিদর্শন দল একজন দলনেতাসহ এক বা একাধিক সদস্য এর সমন্বয়ে গঠিত হবে।

৪.২) কর্মসূচী প্রণয়ন : সিজিএ কার্যালয় এর আইসিইউ শাখা কর্তৃক ত্রৈমাসিক পরিকল্পনার আওতায় (অথবা ক্ষেত্রবিশেষে হিসাব মহানিয়ন্ত্রকের নির্দেশনার প্রেক্ষিতে) পরিদর্শন দল গঠন ও কর্মসূচি জারি করা হবে। উল্লেখ্য, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক (ডিসিএ) কার্যালয়সমূহের অভ্যন্তরীণ পরিদর্শন এর আওতাভুক্ত নয়।

৪.৩) পরিদর্শনের বিষয়সমূহ: পরিদর্শনের ক্ষেত্রে সাধারণত তিন ধরনের ক্ষেত্রকে বিবেচনায় নিয়ে কার্যক্রম পরিচালনা করতে হবে।
ক্ষেত্রসমূহ যথাক্রমে-

ক) প্রশাসনিক বিষয়াবলী খ) প্রাপ্তি/পরিশোধ ও হিসাব সংক্রান্ত বিষয়াবলী এবং গ) বিবিধ।

নিম্নে তিনটি ক্ষেত্রের অধীন বিষয়বস্তুসমূহ সংক্ষেপে উল্লেখ করা হলো। বিষয়বস্তু সমূহের বিস্তারিত চেকলিস্ট পরিশিষ্ট অংশে দেওয়া হয়েছে।

৪.৩.১) প্রশাসনিক বিষয়সমূহ: পরিদর্শন কালে নিম্নের প্রশাসনিক বিষয়সমূহ যাচাই করে প্রতিবেদনে ফলাফল বা পর্যবেক্ষণ আকারে উপস্থাপন করতে হবে- (বিস্তারিত চেকলিস্ট: পরিশিষ্ট- ৩)

ক) ক্যালেন্ডার অব রিটার্ন

খ) নথি ব্যবস্থাপনা ও রেজিস্টার সংরক্ষণ

গ) অফিস ব্যবস্থাপনা

ঘ) বাজেট ও ব্যয় ব্যবস্থাপনা

- ঙ) সম্পদ ব্যবস্থাপনা
- চ) নিরাপত্তা
- ছ) পরিষ্কার- পরিচ্ছন্নতা

৪.৩.২. প্রাপ্তি/পরিশোধ ও হিসাব সংক্রান্ত বিষয়সমূহ: পরিদর্শনকালে নিম্নের প্রাপ্তি/ পরিশোধ ও হিসাব সংক্রান্ত বিষয়সমূহ যাচাই করে প্রতিবেদনে ফলাফল বা পর্যবেক্ষণ আকারে উপস্থাপন করতে হবে- (বিস্তারিত চেকলিস্ট: পরিশিষ্ট- ৪)

- ক) ব্যক্তিগত দাবিসমূহ
- খ) অন্যান্য পরিশোধসমূহ
- গ) প্রাপ্তি/ আদায় সংক্রান্ত বিষয়সমূহ
- ঘ) প্রজাতন্ত্রের সরকারি হিসাবসমূহ
- ঙ) iBAS⁺⁺ ব্যবস্থাপনা
- চ) বিভাগীয় হিসাবসমূহ/ SAEs (Self Accounting Enties) সংক্রান্ত হিসাবায়ন
- ছ) সরকারি হিসাবায়ন

৪.৩.৩ বিবিধ: পরিদর্শন কালে নিম্নের বিবিধ বিষয়সমূহের উপর সংশ্লিষ্ট অফিস কর্তৃক গৃহীত ব্যবস্থা যাচাই করে প্রতিবেদনে ফলাফল বা পর্যবেক্ষণ আকারে উপস্থাপন করতে হবে-

- ক) পরিশোধ ও হিসাব পরিদর্শন রিপোর্ট (আই আর পি এ)
- খ) অডিট আপত্তি
- গ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)
- ঘ) জাতীয় শুদ্ধাচার কৌশল ও নীতিমালা বাস্তবায়ন
- ঙ) অন্যান্য নির্দেশনা প্রতিপালন
- চ) পরিদর্শন দলের বিশেষ পর্যবেক্ষণ

০৫. প্রতিবেদন প্রণয়ন

৫.১) প্রতিবেদন কাঠামো: পরিদর্শন প্রতিবেদন **পরিশিষ্ট ৫** অনুযায়ী প্রণয়ন করতে হবে এবং তা প্রণয়নের ক্ষেত্রে নিম্নোক্ত কাঠামো অনুসরণ করতে হবে-

- ভূমিকা (পরিদর্শনের প্রেক্ষাপট)
- পরিদর্শন সংক্রান্ত তথ্যাবলী (যথা: পরিদর্শন দল, পরিদর্শনকৃত অফিস/অফিসসমূহের নাম, জনবল ও বাজেট সংক্রান্ত তথ্য, সময়কাল ইত্যাদি)
- পূর্ববর্তী বছরের পরিদর্শন প্রতিবেদনের উপর গৃহীত ব্যবস্থার বিবরণ
- পরিদর্শনের বিবেচ্য বিষয়
- পরিদর্শনের মাধ্যমে প্রাপ্ত পর্যবেক্ষণের সারসংক্ষেপ
- বিস্তারিত পর্যবেক্ষণ (শিরোনাম, পর্যবেক্ষণের বিবরণ, সার্বিক বিশ্লেষণ, সংশ্লিষ্ট অফিসের জবাব, পরিদর্শনকারী দলের মন্তব্য ও সুপারিশ)
- পরিদর্শনের মাধ্যমে প্রাপ্ত পর্যবেক্ষণের সমর্থনে যথাযথ প্রমাণক পরিদর্শন প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

০৬. ফলোআপ

- পরিদর্শনকারি দল কর্তৃক নির্ধারিত সময়ে পরিদর্শন প্রতিবেদন দাখিল করার পর আইসিইউ শাখা প্রাপ্ত প্রতিবেদনসমূহ বিস্তারিত যাচাই-বাছাই করবে। প্রতিবেদনে কোন অস্পষ্টতা বা ঘাটতি থাকলে তা সঙ্গে সঙ্গে পরিদর্শন দলকে অবহিত করে প্রয়োজনীয় সংশোধন করতে হবে।
- কোন পরিদর্শনকারি দল যথাসময়ে পরিদর্শন প্রতিবেদন দাখিলে ব্যর্থ হলে আই সি ইউ শাখা কর্তৃক তাগিদপত্র প্রদানসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- পরিদর্শন প্রতিবেদন আইসিইউ শাখা কর্তৃক গৃহীত হওয়ার পর প্রতিবেদনে বর্ণিত পর্যবেক্ষণের বিষয়ে আইসিইউ শাখার মতামতসহ নথিতে (সিএএফও/ডিসিএ/ডিএএফও/ ইউএও গুপ্তভিত্তিক পৃথক নথি) উপস্থাপন করতে হবে।
- পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত কোন পর্যবেক্ষণে গুরুতর অনিয়ম, জালিয়াতি, সরকারি অর্থ তহরুপ সংক্রান্ত তথ্য পাওয়া গেলে আইসিইউ শাখা এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে তা প্রশাসন, হিসাব ও পদ্ধতি অথবা দক্ষতা ও শৃঙ্খলা শাখায় প্রেরণ করবে।
- আইসিইউ শাখা কর্তৃক পরিদর্শন প্রতিবেদনের উপরে মাসিক ভিত্তিতে **পরিশিষ্ট – ৬** এ বর্ণিত ছকে (ড্যাশ বোর্ড) সংশ্লিষ্ট তথ্যাদি হিসাব মহানিয়ন্ত্রক/ পরিদর্শনকারি অফিস প্রধান বরাবর উপস্থাপন করবে। উল্লেখযোগ্য ফাইন্ডিংসমূহ ড্যাশবোর্ডে **পরিশিষ্ট - ৭** এর ছক অনুযায়ী সংযুক্ত করতে হবে।
- পরিদর্শন প্রতিবেদনের কোন বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে অন্য কোন শাখায় (প্রশাসন, হিসাব ও পদ্ধতি অথবা দক্ষতা ও শৃঙ্খলা) প্রেরিত হলে উক্ত বিষয়ে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আইসিইউ শাখা নিয়মিত অগ্রগতির তথ্য সংরক্ষণ করবে ও ড্যাশ বোর্ডে অন্তর্ভুক্ত করবে।

০৭. আইসিইউ মনিটরিং

হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের আইসিইউ শাখাটি দুইটি স্তরে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থাকে পরিচালনা করবে; যথা – (ক) কোর আইটি মনিটরিং সেল এবং (খ) মাসিক/ ত্রৈমাসিক/ ষান্মাষিক/বার্ষিক রিটার্ন ও প্রতিবেদন সেল।

ক) কোর আইটি মনিটরিং সেল

বর্তমান আইবাস++ সিস্টেম এর বিস্তৃত ব্যবহার এর জন্য সরকারের বাজেট প্রণয়ন, বাজেট বাস্তবায়ন, প্রাপ্তি/পরিশোধ, হিসাবায়ন এবং আর্থিক প্রতিবেদন প্রনয়ন অটোমেটেড হয়েছে। ফলে, গতানুগতিক কাগজপত্র ও নথিনির্ভর পরিবীক্ষণ বা মনিটরিং ব্যবস্থা কম্পিউটারাইজড বিগ ডাটা ও ইনফরমেশন টেকনোলজির নানাবিধ ঝুঁকি হ্রাস করার ক্ষেত্রে পুরোপুরি ফলপ্রসূ হচ্ছে না। আইবাস++ সিস্টেম একটি সমন্বিত প্ল্যাটফর্ম যা অর্থ বিভাগ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, বাংলাদেশ ব্যাংক, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, রাজস্ব বোর্ড, SAEs, বাজেট বাস্তবায়ন সংশ্লিষ্ট সকল সংস্থা একত্রে ব্যবহার করছে। কিন্তু প্রতি অর্থ বছর শেষে হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয় সরকারের উপযোজন হিসাব ও আর্থিক হিসাব প্রণয়নের জন্য দায়িত্বপ্রাপ্ত। এর পাশাপাশি Government Finance Statistics (GFS) এর প্রতিবেদন প্রস্তুতিও হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের মাধ্যমেই সম্পন্ন হবে। প্রশাসনিক ও আর্থিক প্রয়োজনে আইবাস++ সিস্টেমের নানবিধ ফিচার বিভিন্ন সময়ে সংযোজন ও নবায়ন করা হয়। আর এ সকল কার্যক্রম সরকারি কর্মসূচির আওতায় নিয়োগপ্রাপ্ত আইটি কন্সালটেন্ট/সিস্টেম এনালিস্ট/ প্রোগ্রামারদের মাধ্যমে করা হয়। ফলে, আইবাস++ সিস্টেমের মাধ্যমে যে লেনদেনের তথ্য সংরক্ষিত হচ্ছে তার নিয়ন্ত্রণ (কন্ট্রোল) বা পরিবীক্ষণের (মনিটরিং) জন্য হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের নিজস্ব কোর আইটি টিম (equipped with high tech computer lab and access to ibas++ database) থাকবে, যারা সারা বাংলাদেশে প্রতিদিনের আইবাস++ সিস্টেমের লেনদেনের উপর real time monitoring করবে। সিজিএ কার্যালয়ের কোর আইটি টিম আইবাস++ সংক্রান্ত কোন কর্মসূচি বা স্কিম (সিস্টেম ম্যানেজমেন্ট, প্রোগ্রামিং, ডাটা ব্যাংক, আইটি নিরাপত্তা ইত্যাদি) অথবা সংস্থা পরিদর্শন করতে পারবে। এছাড়া, আইসিইউ শাখার নিজস্ব হট লাইন, ইমেইল, অভিযোগ কেন্দ্র থাকতে হবে।

কোর আইটি মনিটরিং টিম এর জন্য ডেডিকেটেড কম্পিউটার ল্যাব থাকবে। টিমের সদস্যরা সারা বাংলাদেশের হিসাবরক্ষণ অফিসসমূহের আইটি অবকাঠামো, যন্ত্রপাতির নিরাপত্তা, সাইবার নিরাপত্তা, ইউজার ম্যানেজমেন্ট, আইবাস++ এর সকল লেনদেন, আইবাস সিকিউরিটি, জার্নাল এন্ট্রি, হিসাবরক্ষণ কার্যালয় সমূহের বিল পাসিং স্ট্যাটাস, বাংলাদেশ ব্যাংকের সাথে সংগতি, রাজস্ব আদায় ও ফেরত হিসাব, বিভাগীয় হিসাবসমূহের লেনদেন ও হিসাব, বাংলাদেশ ব্যাংকে প্রেরিত পেমেন্ট অথরিটি (ডেবিট ও ক্রেডিট মেমো), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এর ঋণ/অনুদান সংক্রান্ত সংগতিসাধন, ইত্যাদি প্রতিদিন মনিটরিং করবেন। যে কোন সমস্যা, সন্দেহজনক বা অস্বাভাবিক লেনদেন, অননুমোদিত পরিশোধ, পে এন্ড পেনশন ফিক্সেশন, বিল পাসিং স্ট্যাটাস, চেক ম্যানেজমেন্ট সিস্টেম, অসম্পূর্ণ ব্যাংক রিকন্সিলিয়েশন, অসম্পূর্ণ ডেবিট স্ক্রল ও ক্রেডিট স্ক্রল ব্যবস্থাপনা, ভুল কোডে হিসাবায়ন, সন্দেহজনক জার্নাল এন্ট্রি, সিস্টেম কন্ট্রোল ফেইলিউর ইত্যাদি ইস্যুসমূহ সরাসরি হিসাব মহানিয়ন্ত্রক বা তার কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার (যেমন: ডিসিজিএ/ আইসিইউ ও পরিদর্শন) নিকট নিয়মিত রিপোর্ট পেশ করবে। রিপোর্টে গুরুতর কোন পর্যবেক্ষণ থাকলে তার প্রেক্ষিতে বিশেষ পরিদর্শন বা যাচাই বা ক্ষেত্রমতে তদন্ত করা যাবে। কোর আইটি মনিটরিং সেল এর গঠন, কার্যবিধি, টেকনিক্যাল ও লজিস্টিক সাপোর্ট ইত্যাদি হিসাব মহানিয়ন্ত্রক এর সরাসরি তত্ত্বাবধানে ও নির্দেশক্রমে পরিচালিত হবে।

খ) মাসিক/ ত্রৈমাসিক/ ষান্মাসিক/বার্ষিক রিটার্ন ও প্রতিবেদন সেল

হিসাব মহানিয়ন্ত্রক (সিজিএ) কার্যালয়ের আওতাধীন হিসাব রক্ষণ অফিসসমূহকে প্রশাসনিক নির্দেশনার প্রেক্ষিতে মাসিক/ ত্রৈমাসিক / ষান্মাসিক/ বার্ষিক রিটার্ন বা প্রতিবেদন দাখিল করতে হয়। হিসাব রক্ষণ অফিসসমূহ নিয়মিতভাবে নির্ধারিত ছকে রিটার্ন বা প্রতিবেদন প্রেরণ করবে। **পরিশিষ্ট-৮** এ সিএএফও এবং ডিসিএ কার্যালয় কর্তৃক প্রেরিতব্য মাসিক রিটার্ন বা প্রতিবেদন কাঠামো সংযুক্ত করা হয়েছে।

আইসিইউ শাখা রিটার্ন বা প্রতিবেদন প্রাপ্তির পর সমন্বিত প্রতিবেদন (Combined Report) তৈরি করবে। কোন অফিস যথাসময়ে রিটার্ন দাখিল না করলে আইসিইউ শাখা হতে পত্র প্রেরণ করা হবে। সমন্বিত প্রতিবেদন হিসাব মহানিয়ন্ত্রকের নিকট উপস্থাপন করে তার নির্দেশনা মোতাবেক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া সিজিএ এর মাসিক সভায় উক্ত প্রতিবেদন আলোচনা বা পর্যালোচনা করা হবে।

০৮. IRPA- সংক্রান্ত কার্যক্রম

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয় কর্তৃক জানুয়ারি ২০২১ সময়ে পরিশোধ ও হিসাব পরিদর্শন রিপোর্ট (IRPA) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা জারি করা হয়। উক্ত নির্দেশিকায় উল্লেখ রয়েছে যে, হিসাব মহানিয়ন্ত্রক (সিজিএ) কার্যালয়ের আইসিইউ ও পরিদর্শন শাখা হতে নিয়মিত সিজিএ নিয়ন্ত্রিত হিসাবরক্ষণ অফিসসমূহ পরিদর্শন করা হয়। এ সকল ব্যবস্থা উপর্যুক্ত ঝুঁকিসমূহ মোকাবেলায় কার্যকরভাবে প্রয়োগ হচ্ছে কিনা তা অডিট অধিদপ্তর কর্তৃক সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসসমূহ আবশ্যিকভাবে ও পরিকল্পনা অনুসারে পরিদর্শন করতে হবে। এছাড়া আরো উল্লেখ করা হয়েছে যে, পরিবর্তিত নিরীক্ষা ও হিসাব ব্যবস্থায় অধিকাংশ ক্ষেত্রে post audit before compilation বিলুপ্ত হওয়ায় যে সকল ঝুঁকির উদ্ভব হয়েছে সে সকল ঝুঁকি মোকাবেলায় এবং সরকারি হিসাবের উপর সিএজি'র নিরীক্ষা নিশ্চয়তার মাত্রা (level of audit assurance) বৃদ্ধি করার লক্ষ্যে অডিট অধিদপ্তর আবশ্যিকভাবে এই পরিদর্শন সম্পাদন করবে। সিজিএ, সিজিডিএফ ও এডিজি (অর্থ), বাংলাদেশ রেলওয়ে এর নিয়ন্ত্রণাধীন সকল হিসাবরক্ষণ অফিস এই পরিদর্শনের আওতায় আসবে। শুধুমাত্র সিজিএ হিসাব সার্কেলের পরিদর্শনের আওতা নিম্নোক্তভাবে বিন্যস্ত করা হয়েছে:

হিসাব সার্কেল	অডিট অধিদপ্তর	হিসাবরক্ষণ অফিস	সংশ্লিষ্ট অধিদপ্তর	বিভাগ/	বিশেষ ক্ষেত্র
পোস্টাল	পিটিএসটি অডিট অধিদপ্তর	সিএএফও, পোস্টাল	ডাক বিভাগ		
সিভিল	কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর	সিএএফও, বন ও পরিবেশ মন্ত্রণালয়	বন বিভাগ		
	পরিবহন অডিট অধিদপ্তর	সিএএফও, সড়ক ও মহাসড়ক বিভাগ	সড়ক বিভাগ		
	পূর্ত অডিট অধিদপ্তর	সিএএফও, গৃহায়ন ও গনপূর্ত বিভাগ	গনপূর্ত বিভাগ		
	স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর	সিএএফও, স্থানীয় সরকার বিভাগ	জনস্বাস্থ্য প্রকৌশল অধিঃ		
	মিশন অডিট অধিদপ্তর	সিএএফও, পররাষ্ট্র মন্ত্রণালয়			
	রাজস্ব অডিট অধিদপ্তর	সিএএফও, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ	কাস্টমস হাউজ		ডেডো
	পিটিএসটি অডিট অধিদপ্তর	সিএএফও, তথ্য মন্ত্রণালয়			রেডিও চেক
	সিভিল অডিট অধিদপ্তর	সিজিএ প্রধান কার্যালয় ও সিজিএ এর অধীনস্থ অফিসগুলো (উপরোক্ত সিএএফওগুলো ব্যতীত)			

এছাড়া সরকারি প্রাপ্তি ও পরিশোধের নানা অটোমেশনের ফলে যেসকল কার্যক্রম পরিচালিত হচ্ছে (যেমন- MICR and ACS)- তা প্রচলনের ফলে Payment, Accounts, Reconciliation and Documentation কীভাবে হচ্ছে এবং তার প্রভাব ও ফলাফল কী তা সরেজমিনে যাচাই এর জন্য অডিট অধিদপ্তর থেকে পরিদর্শন করা হচ্ছে।

এসকল প্রতিবেদন হিসাব সার্কেল প্রধান বরাবর জবাব প্রদানের লক্ষ্যে প্রেরণ করা হয়। সিজিএ কার্যালয়ের নিজস্ব পরিদর্শন ও আইসিইউ মনিটরিং এর পাশাপাশি অডিট অধিদপ্তর পরিচালিত IRPA কার্যক্রম প্রকৃতপক্ষে বাংলাদেশের সরকারি হিসাব ব্যবস্থাপনায় স্বচ্ছতা আনয়ন ও নির্ভরযোগ্য আর্থিক হিসাব প্রণয়নের ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করবে।

IRPA প্রতিবেদনসমূহ প্রাপ্তির পর সিজিএ কার্যালয় (আইসিইউ শাখা) হতে নিম্নোক্তভাবে ব্যবস্থা গ্রহণ করা হবে-

- আইসিইউ শাখায় কমপক্ষে ২ জন নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তার অধীনে IRPA সংক্রান্ত কার্যক্রম পরিচালিত হবে।
- প্রাপ্ত প্রতিটি আইআরপিএ রিপোর্ট অফিসভিত্তিক পৃথক নথিতে সংরক্ষণ ও সংশ্লিষ্ট অফিস সংক্রান্ত পরবর্তী সকল কার্যক্রম ঐ নথিতে পরিচালনা করতে হবে।
- প্রতিটি হিসাবরক্ষণ অফিসের বিপরীতে আইআরপিএ প্রতিবেদনের পর্যবেক্ষণ রেকর্ডের উদ্দেশ্যে অফিসভিত্তিক পৃথক লেজার সংরক্ষণ করতে হবে। এই লেজারের ভিত্তিতে **পরিশিষ্ট-৯** অনুযায়ী ব্রডশিট রেজিস্টার মাসিকভিত্তিতে আইসিইউ শাখা সিজিএ বরাবর উপস্থাপন করবে।
- অডিট অধিদপ্তর হতে প্রাপ্ত IRPA সংক্রান্ত রিপোর্ট প্রাপ্তির পর আইসিইউ শাখা তা যাচাই বাছাই করবে। যেসকল আপত্তিতে জড়িত অর্থ বিধি-বিধানের আলোকে আদায়যোগ্য (ভ্যাট-আইটি কম কর্তন, ভুল বেতন নির্ধারণের কারণে ভেতন-ভাতা, গ্রাচুইটি, পেনশন অতিরিক্ত পরিশোধ ইত্যাদি) সেগুলো সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস কর্তৃক আবশ্যিকভাবে সরাসরি আদায় করে আদায়ের প্রমাণকসহ অডিট অধিদপ্তরে জবাব প্রেরণ করবে।
- গুরুতর আর্থিক অনিয়ম বা সিস্টেমের দুর্বলতা সংক্রান্ত পর্যবেক্ষণ থাকলে তা উত্তরণের উপায় ও গৃহীতব্য ব্যবস্থা সংক্রান্ত সুপারিশসহ উর্ধ্বতন কর্তৃপক্ষের নজরে আনতে হবে। প্রশাসন শাখা আইসিইউ শাখার উক্ত সুপারিশের প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং **পরিশিষ্ট-১০** অনুযায়ী তা নিয়মিত ফলোআপ করবে ও সিজিএ বরাবর উপস্থাপন করবে। প্রশাসন শাখা প্রয়োজন হলে অধিকতর যাচাই বা দায় দায়িত্ব নির্ধারণের নিমিত্ত পুনরায় পরিদর্শন বা যাচাই কার্যক্রম পরিচালনা করতে পারবে।
- প্রতিটি IRPA প্রতিবেদনের উপর হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের সার্বিক জবাব (গৃহীত ব্যবস্থার উল্লেখসহ) প্রস্তুত করতে হবে এবং সংশ্লিষ্ট অডিট অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- সিজিএ কার্যালয়ের নিজস্ব পরিদর্শন ও IRPA পরিদর্শনের মধ্যে সমন্বয় সাধন করতে হবে।
- সিজিএ কার্যালয় হতে IRPA এর ফলোআপ সংক্রান্ত নির্দেশনা অনুসরণ করতে হবে।

পরিশিষ্টসমূহ

পরিশিষ্ট ১

বার্ষিক পরিদর্শন পরিকল্পনা ক্যালেন্ডার

অর্থবছর:

অফিসের ধরন	পরিদর্শনের সংখ্যা					মন্তব্য
	১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টে.)	২য় ত্রৈমাসিক (অক্টো.-ডিসে.)	৩য় ত্রৈমাসিক (জানু.-মার্চ)	৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন)	মোট	
সিএএফও						
ডিসিএফও						
ডিএএফও						
ইউএও						
মোট						

পরিশিষ্ট ২

ত্রৈমাসিক পরিদর্শন পরিকল্পনা

ত্রৈমাসিকের নাম:

অর্থবছর:

ক্রমিক নম্বর	পরিদর্শনাধীন অফিসের নাম	দলের নাম	পরিদর্শনের বিষয়সমূহ	পরিদর্শনের তারিখ	প্রতিবেদন দাখিলের তারিখ	মন্তব্য
	সিএএফও, “ক”	দলনেতা: জনাব ক, দলের সদস্য: ১। জনাব খ, এএসএও ২। জনাব গ, সুপার	যদি বিশেষ কিছু থাকে তবে উল্লেখ করতে হবে। অন্যথায় ম্যানুয়াল অনুযায়ী।			

পরিশিষ্ট- ৩

প্রশাসনিক বিষয়সমূহ

বিষয়বস্তু	চেকলিস্ট
ক) ক্যালেন্ডার অব রিটার্ন	<ul style="list-style-type: none"> ● সিজিএ কার্যালয় কর্তৃক নির্ধারিত ও বিভিন্ন সময়ে নির্দেশিত প্রশাসনিক ও হিসাব সংক্রান্ত প্রতিবেদনসমূহ সময়মত প্রেরণ করা হয় কিনা? ● প্রতিবেদনে উল্লিখিত তথ্যাদি বাস্তব তথ্যের সহিত সামঞ্জস্যপূর্ণ কিনা? ● প্রতিবেদন প্রণয়নের জন্য দায়িত্ব বন্টন করা আছে কিনা?
খ) নথি ব্যবস্থাপনা ও রেজিস্টার সংরক্ষণ	<ul style="list-style-type: none"> ● অফিসে ডিজিটাল নথি নম্বর (ইনডেক্স রেজিস্টারসহ) যথাযথভাবে বাস্তবায়ন করা হয়েছে কিনা? ● সচিবালয় নির্দেশিকা অনুসরণ করে নথি খোলা হয়েছে কিনা? ● সিদ্ধান্ত গ্রহণ সংক্রান্ত (প্রশাসনিক ও আর্থিক) বিষয়সমূহে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন প্রক্রিয়া অনুসরণ করা হয় কিনা? ● যথাযথ ফরম্যাট অনুযায়ী সকল রেজিস্টার সংরক্ষণ করা হয় কিনা? ● নিয়মিতভাবে রেজিস্টারসমূহ আপডেট করা হয় কিনা? ● প্রশাসনিক ও আর্থিক বিষয়াবলীর আদেশ/পরিপত্র/নির্দেশসমূহ সম্বলিত গার্ড ফাইল সংরক্ষণ করা হয় কিনা?
গ) অফিস ব্যবস্থাপনা	<ul style="list-style-type: none"> ● অফিসে কর্মরত জনবলের মধ্যে যথাযথ কর্মবন্টন আছে কিনা? ● সচিবালয় নির্দেশনা মোতাবেক হাজিরা বহি সংরক্ষণ ও যাচাই করা হয় কিনা? ● বিলম্বে উপস্থিতি ও অনুনোমদিত অনুপস্থিতির ক্ষেত্রে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হয় কিনা? ● সেবা প্রদান বিষয়ে সিটিজেন চার্টার আছে কিনা? ● প্রাপ্তপত্রাদি সাধারণ/ বিশেষ ডায়েরিভুক্তকরণ/যথাযথ নথিভুক্তি করা হয় কিনা? ● বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও শুদ্ধাচার কৌশল মোতাবেক কার্যক্রম গ্রহণ করা হয় কিনা? ● অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে নিয়মিত সভা/কার্যক্রম গ্রহণ করা হয় কিনা? ● সেবা গ্রহীতাদের জন্য বসার ব্যবস্থা, পানি পানের ব্যবস্থা ও পর্যাপ্ত সেনিটেশন ব্যবস্থা আছে কিনা? ● এসম্বাস সিলের ব্যবহার ও নিরাপদ সংরক্ষণ বিধি মোতাবেক হচ্ছে কিনা? ● ডাক গ্রহণ/ বিতরণ রেজিস্টার নিয়মিত মনিটরিং করা হয় কিনা?
ঘ) বাজেট ও ব্যয় ব্যবস্থাপনা	<ul style="list-style-type: none"> ● ক্রয়ের বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে কিনা? ● বিগত অর্থবছরে স্থায়ী সম্পদ খাতে বাজেট বরাদ্দের বিপরীতে প্রকৃত ব্যয় যথানিয়মে করা হয়েছে কিনা? ● উক্ত ক্রয়কৃত সম্পদ স্থায়ী সম্পদ রেজিস্ট্রারে এন্ট্রি করা হয়েছে কিনা এবং বাস্তবে আছে কিনা?
ঙ) সম্পদ ব্যবস্থাপনা	<ul style="list-style-type: none"> ● Asset Register যথাযথ এন্ট্রি করে সংরক্ষণ করা হয় কিনা?

	<ul style="list-style-type: none"> ● রেজিস্টার নিয়মিত হালনাগাদ করা হয় কিনা? ● অকেজো মালামাল তালিকাভুক্ত করে ডিসপোজাল/বিক্রির ব্যবস্থা করা হয় কিনা?
চ) নিরাপত্তা	<ul style="list-style-type: none"> ● আইবাস++ সিস্টেমের নিরাপত্তা সংক্রান্ত নির্দেশনা (পরিশিষ্ট- ৪) অনুসরণ করা হয় কিনা? ● অফিসে ব্যবহৃত ল্যাপটপ ও ডেস্কটপে এন্টিভাইরাস হালনাগাদকৃত কিনা? ● যথাযথ কর্মকর্তা কর্তৃক এমবোস সিল/চেক বইসহ অন্যান্য মূল্যবান সামগ্রী যথাযথভাবে সংরক্ষণ করা হয় কিনা? ● অফিসে সিসি ক্যামেরা আছে কিনা এবং থাকলে তা সচল কিনা? ● অফিসে অগ্নিনির্বাপন ব্যবস্থা যথাযথভাবে সচল আছে কিনা এবং উহা কর্মকর্তা/কর্মচারিগণ ব্যবহার করতে পারেন কিনা?
ছ) পরিক্ষার- পরিচ্ছন্নতা	<ul style="list-style-type: none"> ● পরিক্ষার পরিচ্ছন্নতা কর্মী আছে কিনা? ● পরিক্ষার পরিচ্ছন্নতা সংক্রান্ত সচল সরঞ্জাম /মালামাল আছে কিনা? ● নিয়মিতভাবে পরিক্ষার পরিচ্ছন্নতার কাজ করা হয় কিনা? ● সৌন্দর্যবর্ধনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হয়েছে কিনা?

পরিশিষ্ট-৪

খ) প্রাপ্তি/ পরিশোধ ও হিসাব সংক্রান্ত বিষয়সমূহ

বিষয়বস্তু	চেকলিস্ট
ক) ব্যক্তিগত দাবিসমূহ	<p>নিয়মিত বেতন-ভাতা</p> <p>বেতন নির্ধারণঃ</p> <ul style="list-style-type: none"> ● প্রথম নিয়োগের ক্ষেত্রে অতিরিক্ত ইনক্রিমেন্ট <ul style="list-style-type: none"> - অতিরিক্ত ইনক্রিমেন্ট প্রাপ্যতার ভিত্তিতে প্রদান করা হয়েছে কিনা? ● জাতীয় বেতন স্কেল জারী এবং উহার পূর্বে প্রদত্ত সুবিধার আলোকে বেতন নির্ধারণ – <ul style="list-style-type: none"> - জাতীয় বেতনস্কেল ১৯৭৭, ১৯৮৫, ১৯৯১, ১৯৯৭, ২০০৫, ২০০৯ এবং ২০১৫ জারীর আলোকে বেতন নির্ধারণ - অতিরিক্ত ইনক্রিমেন্ট ১৯৮০ (০১/০৭/১৯৮০ তে ২০ ও ১৯ গ্রেডের কর্মচারীদের ৩টি, ১৮ থেকে ১৬ গ্রেডের জন্য ২টি এবং ১৫ থেকে ১১ গ্রেডের জন্য ১টি ইনক্রিমেন্ট), ১৯৮৯ (০১/০৭/১৯৮৯ তে সকল কর্মকর্তা/কর্মচারীদের ১টি ইনক্রিমেন্ট), ১৯৯৫ (০১/০১/১৯৯৫ তে মূল বেতনের ৫% এবং ০১/০৭/১৯৯৫ তে মূল বেতনের ৫% সকল কর্মকর্তা/কর্মচারির জন্য)। ● পদোন্নতির ক্ষেত্রে বেতন নির্ধারণ- <ul style="list-style-type: none"> - পদোন্নতির যথাযথ আদেশ আছে কিনা? - শূন্য পদের বিপরীতে পদোন্নতি হয়েছে কিনা? - পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদান করেছে কিনা? ● পদের স্কেল উন্নীতকরণ (Scale Upgradation) <ul style="list-style-type: none"> - স্কেল উন্নীতকরণ আদেশ অর্থ বিভাগের সম্মতির ভিত্তিতে হয়েছে কিনা? - কীভাবে বেতন নির্ধারণ করতে হবে এ বিষয়ে সিজিএ পদ্ধতি শাখার সম্মতিসহ সংশ্লিষ্ট সিএএফও কর্তৃক পৃষ্ঠাংকন হয়েছে কিনা? - স্কেল উন্নীতকরণে বেতন নির্ধারণের তারিখ এবং বকেয়া প্রাপ্তির তারিখ উল্লেখ করা হয়েছে কিনা? ● প্রকল্প থেকে আত্মীকরণ <ul style="list-style-type: none"> - প্রকল্প থেকে আত্মীকরণ আদেশ জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতির ভিত্তিতে হয়েছে কিনা - কীভাবে বেতন নির্ধারণ করতে হবে এ বিষয়ে সিজিএ পদ্ধতি শাখার সম্মতিসহ সংশ্লিষ্ট সিএএফও কর্তৃক পৃষ্ঠাংকন হয়েছে কিনা - সিজিএ কার্যালয়ের নির্দেশনা না থাকলে নিম্নলিখিত বিষয়: প্রকল্পকালীন বেতন স্কেলভিত্তিক, নির্ধারিত (consolidated pay) অথবা দৈনিকভিত্তিক ছিল কিনা। নির্ধারিত/দৈনিকভিত্তিক বেতনের ক্ষেত্রে কী উপায়ে বেতন নির্ধারণ হয়েছে? - প্রকল্পের চাকরিকাল গণনা করে টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান করে বেতন নির্ধারণ হয়েছে কিনা?

- প্রকল্প থেকে আত্মীকরণের তারিখ এবং রাজস্ব খাত হতে বেতন প্রাপ্তির তারিখ উল্লেখ করা হয়েছে কিনা?
- প্রকল্প সমাপ্তির তারিখ হতে রাজস্ব খাতে আত্মীকরণ হয়েছে কি না? প্রকল্প সমাপ্তির তারিখ ও রাজস্ব খাতে আত্মীকরণের তারিখ আলাদা হলে উক্ত মধ্যবর্তী সময়কাল চাকুরিকাল/বিনা বেতনে চাকুরিকাল হবে তা উল্লেখ করা হয়েছে কি না?
- প্রকল্প থেকে রাজস্ব খাতে আত্মীকরণের ফলে কোন বকেয়া বেতন-ভাতা প্রদান করা হয়েছে কিনা?

● **বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান জাতীয়করণ/সরকারিকরণের সময় বেতন নির্ধারণ**

- বেসরকারি থেকে আত্মীকরণ আদেশ জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতির ভিত্তিতে হয়েছে কিনা?
- কীভাবে বেতন নির্ধারণ করতে হবে এ বিষয়ে সিজিএ পদ্ধতি শাখার সম্মতিসহ সংশ্লিষ্ট সিএএফও কর্তৃক পৃষ্ঠাংকন হয়েছে কিনা?
- সিজিএ কার্যালয়ের নির্দেশনা না থাকলে নিম্নলিখিত বিষয়: বেসরকারি সময়কালের বেতন এমপিওভুক্ত ছিল কিনা?
- বেসরকারি চাকুরিকাল গণনা করে টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান করে বেতন নির্ধারণ হয়েছে কিনা?
- বেসরকারি হতে আত্মীকরণের তারিখ এবং রাজস্ব খাতে বেতন প্রাপ্তির তারিখ উল্লেখ করা হয়েছে কিনা?
- বেসরকারি হতে আত্মীকরণের তারিখ এবং রাজস্ব খাতে বেতন প্রাপ্তির তারিখ আলাদা হলে উক্ত পার্থক্যকাল চাকুরিকাল/বিনা বেতনে চাকুরিকাল তা উল্লেখ করা হয়েছে কিনা?
- মাধ্যমিক স্কুল ও কলেজের ক্ষেত্রে অর্থ বিভাগ হতে কোন নীতিমালার (২০০০ অথবা ২০১৮) আলোকে জাতীয়করণ করা হয়েছে? ২০০০ সালের নীতিমালার আলোকে এমপিওতে প্রাপ্ত বেতন সংরক্ষণ করে অনুমোদিত পদের স্কেলে বেতন নির্ধারণ করতে হবে। অপরদিকে ২০১৮ সালের নীতিমালার আলোকে এমপিওতে প্রাপ্ত বেতন সংরক্ষণ হবে না, এক্ষেত্রে অনুমোদিত পদের স্কেলের সর্বনিম্ন ধাপে বেতন নির্ধারণ করতে হবে।
- জাতীয়করণের ক্ষেত্রে বেতননির্ধারণের সময় অতিরিক্ত ইনক্রিমেন্ট দেয়া হয়েছে কিনা?
- ভূতাপেক্ষভাবে জাতীয়করণের জন্য বকেয়া বেতন ভাতা প্রদানের সময় এমপিও / শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত বেতন ভাতা বাদ দেয়া হয়েছে কিনা?
- এমপিও/ শিক্ষা প্রতিষ্ঠান হতে উৎসব ভাতা গ্রহণ করা সত্ত্বেও বকেয়া উৎসব ভাতা প্রদান করা হয়েছে কিনা?

● **উচ্চতর গ্রেড (১০ ও ১৬ বছরে প্রথম ও দ্বিতীয়)**

- ১৫/১২/২০১৫ তারিখের পূর্বে উচ্চতর গ্রেডের বেতন-নির্ধারণ সুবিধা ও আর্থিক সুবিধা প্রদান করা হয়েছে কিনা

● **বেতন পুনর্নির্ধারণ / বেতন সমতাকরণ / ভূতাপেক্ষ পদোন্নতি/ ভূতাপেক্ষ টাইমস্কেল ও সিলেকশন গ্রেড প্রদান**

- যথাযথ বিধিবিধান ও সরকারি আদেশের ভিত্তিতে সঠিকভাবে বেতন পুনর্নির্ধারণ/বেতন সমতাকরণ/ভুতাপেক্ষ পদোন্নতি/ভুতাপেক্ষ টাইমস্কেল / ভুতাপেক্ষ সিলেকশন গ্রেড এ বেতন নির্ধারণ করা হয়েছে কিনা?

বাড়িভাড়া ভাতা:

- সরকারি বাসস্থানে বসবাস করেন কিনা। করে থাকলে তাকে বেতনের সাথে বাড়িভাড়া ভাতা পরিশোধ করা হয়েছে কিনা?
- নির্ধারিত (earmarked) বাসস্থানের সংস্থান থাকা সত্ত্বেও বাড়িভাড়া ভাতা পরিশোধ হচ্ছে কিনা?
- কর্মস্থল অথবা সংযুক্ত কর্মস্থলের (প্রকৃত কর্মস্থল) জন্য প্রযোজ্য হার অনুযায়ী বাড়িভাড়া ভাতা পরিশোধ হচ্ছে কিনা?
- অন্য কোনো হারে পরিশোধ হয়ে থাকলে তার স্বপক্ষে অর্থবিভাগের অনুমোদন বা আদেশ আছে কিনা ?
- সার্বক্ষণিক মোটরযান ব্যবহারকারী প্রাধিকারভুক্ত কর্মকর্তা নির্ধারিত হারে ভাড়া কর্তন করেন কিনা ?

শিক্ষা ভাতা:

- সন্তানের তথ্য আইবাস++ এ এন্ট্রি করা হয়েছে কিনা এবং সন্তানের বয়স ও সংখ্যা অনুযায়ী শিক্ষাভাতার পরিমাণ সঠিক আছে কিনা?

কার লোন/সুদমুক্ত কার লোন:

- সুদমুক্ত মোটরযান ঋণ গ্রহণকারী কর্মকর্তাকে মোটরযান রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ পরিশোধের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তার ঋণ গ্রহণের তথ্য সঠিকভাবে এন্ট্রি করা আছে কিনা?
- সংশ্লিষ্ট কর্মকর্তার সংশ্লিষ্ট পদের বিপরীতে দাপ্তরিক যানবাহন আছে কিনা? থাকলে রক্ষণাবেক্ষণ বাবদ বিধি মোতাবেক পূর্ণ হারের পরিবর্তে অর্ধেক হারে পরিশোধ করা হচ্ছে কিনা?

শ্রান্তি-বিনোদন ভাতা/ উৎসব ভাতা/ নববর্ষ ভাতা/ ঝুঁকি ভাতা:

- বিধিবিধান ও সরকারি আদেশের ভিত্তিতে সঠিকভাবে ভাতা পরিশোধ করা হয়েছে কিনা?

মোবাইল ভাতা/ আপ্যায়ন ভাতা:

- যথাযথ প্রাত্যতা অনুযায়ী মোবাইল ভাতা ও আপ্যায়ন ভাতা পরিশোধ করা হয়েছে কিনা?

আবাসিক টেলিফোন নগদায়ন ভাতা:

- যথাযথ প্রাত্যতা অনুযায়ী মঞ্জুরির আলোকে আবাসিক টেলিফোন নগদায়ন ভাতা পরিশোধ করা হয়েছে কিনা?

বকেয়া বেতন ভাতা:

- এসআর ৬১ মোতাবেক বকেয়ার মেয়াদ অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক তদন্ত হয়েছে কিনা?
- বকেয়ার মেয়াদ ৬ বছরের বেশির ক্ষেত্রে সরকার কর্তৃক তদন্ত হয়েছে কিনা?

কর্তনসমূহ:

সিজিএ কার্যালয়ের কর্তনের নির্দেশনা অনুযায়ী কর্তন করা হচ্ছে কিনা?

এলপিসি ও ইএলপিসি:

- আইবাস++ এ অনুমোদিত জিপিএফ ব্যালেন্স উল্লেখ করা হয়েছে কিনা ?
- এলপিসিতে ছুটির হিসাব উল্লেখ করা হয়েছে কিনা?
- ইএলপিসির ক্ষেত্রে সমগ্র চাকরিকালীন সময় বিবেচনায় নিয়ে সর্বশেষ মূল বেতনের সঠিকতা যাচাই করে প্রতিপাদন করা হয়েছে কিনা?
- প্রতিপাদনের আলোকে সরকারি দেনা- পাওনা সঠিকভাবে উল্লেখ করা হয়েছে কিনা?
- নির্ধারিত সময়ের মধ্যে ও বিধি মোতাবেক এলপিসি/ ইএলপিসি ইস্যু করা হয়েছে কিনা?
- এম্বোস সিলের ব্যবহার ও নিরাপদ সংরক্ষণ বিধি মোতাবেক হচ্ছে কিনা?
- iBAS++ এর Employee Service Stage Management এ সমগ্র চাকরিকালীন ছুটির হিসাব এন্ট্রি দেয়া হয়েছে কিনা?

লাম্প গ্র্যান্ট :

- অনুমোদিত ইএলপিসিতে উল্লিখিত বেতন ও ছুটির আলোকে লাম্পগ্র্যান্ট পরিশোধিত হয়েছে কিনা?
- যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক পিআরএল ও লাম্প গ্র্যান্ট মঞ্জুরির আলোকে পরিশোধ করা হয়েছে কিনা?
- সিটিজেন চার্টার অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে ও বিধি মোতাবেক পরিশোধ করা হয়েছে কিনা?

গ্রাচুইটি বা আনুভৌষিক:

- ইএলপিসিতে উল্লিখিত কর্তন সমন্বয় করে গ্রাচুইটি প্রদান করা হয়েছে কিনা।
- আইবাস++ সিস্টেমে প্রয়োজনীয় সকল কাগজপত্র সঠিকভাবে আপলোড করে গ্রাচুইটি প্রদান করা হয়েছে কিনা?
- সিটিজেন চার্টার অনুযায়ী যথাসময়ে গ্রাচুইটি প্রদান করা হয়েছে কিনা?

পেনশন পরিশোধ:

- মাসিক ও পারিবারিক পেনশন এবং শতভাগ সমর্পণকারি পেনশনারের চিকিৎসাভাতার ইএফটি মাসের প্রথম কর্মদিবসে প্রেরণ করা হয়েছে কিনা।
- আইবাস++ এর পেনশন মনিটরিং রিপোর্ট হতে 'list of active pensioners not paid for a month' রিপোর্টটি নিয়মিতভাবে মনিটর করে সকল active পেনশনারের পেনশন ইএফটি করা হয়েছে কিনা।

খ) অন্যান্য পরিশোধ
সমূহ

অধিকাল ভাতা:

- অধিকাল ভাতার পরিমাণ (মাসিক) মূল বেতনের বেশি পরিশোধ করা হয়েছে কিনা?
- দাবিকৃত বিলের সাথে লগ বহি/ ডিউটি রেজিস্টারের মিল আছে কিনা?
- শূক্রবার ও সরকারি ছুটির দিনসহ মাসে সর্বোচ্চ ২৫০ ঘণ্টার বেশি প্রদান করা হয়েছে কিনা?

লিভারিজ ক্রয় ও বিতরণ:

- জনপ্রশাসন মন্ত্রণালয়ের সর্বশেষ নির্দেশনা অনুযায়ী প্রাপ্যতা নির্ধারনসহ লিভারিজ প্রদান করা হয়েছে কিনা?
